নিশ্চয় প্রত্যেক উম্মতের একটি ফিতনা রয়েছে। আমার উম্মতের ফিতনা হলো ধন-সম্পদ।

কা‘ব ইবন ‘আইয়াদ্ব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, “নিশ্চয় প্রত্যেক উম্মতের একটি ফিতনা রয়েছে। আমার উম্মতের ফিতনা হলো ধন-সম্পদ।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

কা‘ব ইবন ‘আইয়াদ্ব রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “নিশ্চয় প্রত্যেক উম্মতের একটি ফিতনা ছিল।” যেসব ফিতনার কারণে তারা ভ্রষ্টতা ও গুনাহে পতিত হয়েছিল। “আর আমার উম্মতের ফিতনা হলো ধন-সম্পদ।” কেননা সম্পদ একদিকে যেমন যাবতীয় আশা-আকাঙ্খা পূরণকারী অপরদিকে তা পূর্ণাঙ্গ শুভ পরিণাম অর্জনে বাধাদানকারী। ধন-সম্পদের দ্বারা খেল-তামাশায় মত্ত থাকা আল্লাহর আনুগত্য থেকে বিরত রাখে এবং আখিরাতকে ভুলিয়ে দেয়।

https://sunnah.global/hadeeth/bn/show/3736